# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ এরফান উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

তারিখ ঃ ২৪/০৬/২০২৬ খ্রি.

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ উপস্থিতির তালিকা সংরক্ষিত (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপজেলা কৃষি পুণর্বাসন বাস্তবায়ন কমিটি,নাগরপুর, টাঙ্গাইলের সভাপতিত্বে উপজেলা কৃষি পুণর্বাসন বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাগরপুর, টাঙ্গাইলকে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার অনুরোধ জানান।

আলোচনা-১ ঃ

উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাগরপুর, টাঙ্গাইল ১নং এজেন্ডার আলোচনায় জানান ২০২৫-২৬ অর্থবছরে কৃষকের মাঝে বিনামূল্যে শাক-সবজির বীজ ও সার সরবরাহ সহায়তা প্রদানের জন্য কৃষি পূর্নবাসন কর্মসূচির আওতায় নাগরপুর উপজেলায় ৯০০ জন শাক-সবজির বীজ ও সার প্রণোদনা কর্মসূচি প্রদান করা হয়েছে (সূত্রঃ স্মারক নং ১২.১৭.৯৩০০.০৪১.৩৮.১০১.২৫.৯১৫ তাং-১৬/০৬/২০২৬)। প্রতি কৃষক পরিবার ০১ বিঘা জমি শাক সবজি চাষের জন্য ৭ধরণের প্যাকেটে (কলমি শাক ১৬০ গ্রাম, লাউ ১৫ গ্রাম, চাল কুমড়া ৫ গ্রাম, পুইশাক ১০০ গ্রাম, বেগুন ৫ গ্রাম, শসা ৫ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম) ৩০০ গ্রাম বীজ; ১৫ কেজি ডিএপি এবং ১৫ কেজি এমওপি সার সহায়তা পাবেন।

প্রাপ্ত কর্মসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয় এবং ফসল আবাদের উপর ভিত্তি করে ফসলের উপযুক্ততা বিবেচনা করত: সর্বসম্মতিক্রমে নিম্মোক্তভাবে ইউনিয়ন ওয়ারী বিভাজন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-১। ২০২৫-২৬ অর্থবছরে কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রদানের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচির ইউনিয়নওয়ারী উপকরণ বিভাজন নিম্নরুপ :

(ক) ইউনিয়নওয়ারী উপকরণ বিভাজন :

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | প্রণোদনা কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | মন্তব্য |
|---|---|---|---|
| | | শাক সবজি প্রণোদনা | |
| ১ | ভারড়া | ৬০ | (কলমি শাক ১৬০ গ্রাম, লাউ ১৫ গ্রাম, চাল কুমড়া ৫ গ্রাম, পুইশাক ১০০ গ্রাম, বেগুন ৫ গ্রাম, শসা ৫ গ্রাম, মিষ্টি কুমড়া ১০ গ্রাম) ৩০০ গ্রাম বীজ; ১৫ কেজি ডিএপি এবং ১৫ কেজি এমওপি সার সহায়তা পাবেন |
| ২ | সহবতপুর | ৮০ | |
| ৩ | গয়হাটা | ৮০ | |
| ৪ | নাগরপুর | ১০০ | |
| ৫ | মামুদনগর | ১০০ | |
| ৬ | মোকনা | ১০০ | |
| ৭ | পাকুটিয়া | ৯০ | |
| ৮ | দপ্তিয়র | ৫০ | |
| ৯ | সলিমাবাদ | ৫০ | |
| ১০ | বেকড়া আটগ্রাম | ৭০ | |
| ১১ | ভাদ্রা | ৭০ | |
| ১২ | ধুবড়িয়া | ৫০ | |

আলোচনাঃ ২। প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের শর্তাবলী এবং বাস্তবায়ন নীতিমালা নিয়ে সভার আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ-১। কর্মসূচি বাস্তবায়ন : কৃষি মন্ত্রণালয়ের দেয়া শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা আবশ্যিকভাবে অনুসরণ করে কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় (শতাবলী ও বাস্তবায়ন পদ্ধতি সংযুক্ত)

বাস্তবায়ন ঃ ইউনিয়ন ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি,নাগরপুর, টাঙ্গাইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

২৪/০৬/১৬

(মোঃ এরফান উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার,নাগরপুর,টাঙ্গাইল
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।

স্মারক নং- তারিখ ঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ- (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, ১৩৫ টাঙ্গাইল-৬ (নাগরপুর-দেলদুয়ার)।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল ও সভাপতি জেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটি, টাঙ্গাইল।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, টাঙ্গাইল।
৪. জনাব.................................................................নাগরপুর, টাঙ্গাইল।
৫. চেয়ারম্যান.............................................................ইউনিয়ন পরিষদ।

(এস.এম. রাশেদুল হাসান)
উপজেলা কৃষি অফিসার,
নাগরপুর,টাঙ্গাইল
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।